সাংবাদিক জহিরুল ইসলাম সিরাজ জাতীয় মুক্তি দলের যুগ্ম-মহাসচিব নির্বাচিত

‎গাজী মোবারক, সোনারগাঁ :: ‎১৯৮৬ সালে প্রতিষ্ঠিত, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী রাজনৈতিক দল জাতীয় মুক্তি দল-এর এক বিশেষ সভা গতকাল বিকেলে ঢাকায় অনুষ্ঠিত হয়। দলের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এটিএম মমতাজুল করিমের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সর্বসম্মতিক্রমে ২১ সদস্যবিশিষ্ট কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। নতুন কমিটিতে বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলাম বাঙালী, আনোয়ার হোসেন মিলন ও আব্দুর রউফ তোতা ভাইস-চেয়ারম্যান হিসেবে, ‎অধ্যাপক মো. খোরশেদ আলম মহাসচিব হিসেবে ‎এবং মেঘলা টিভির প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জহিরুল ইসলাম সিরাজকে যুগ্ম-মহাসচিব হিসেবে নির্বাচিত করা হয়। সভায় আগামী জাতীয় সংসদ নির্বাচনে দলের প্রার্থী তালিকাও ঘোষণা করা হয়।
‎
‎সাংবাদিক জহিরুল ইসলাম সিরাজ নারায়ণগঞ্জ-৩ (সোনারগাঁ–সিদ্ধিরগঞ্জ) আসনে, ‎নজরুল ইসলাম বাঙালী ফেনী-২, ‎মোহাম্মদ উল্লাহ শামীম ফেনী-৩, ‎অধ্যাপক মো. খোরশেদ আলম জামালপুর-২, ‎আনোয়ার হোসেন মিলন পাবনা-৩, ‎আব্দুর রউফ তোতা গাইবান্ধা-৪, ‎শাহিনুর ইসলাম দিনাজপুর-৪, ‎এবং রবিউল ইসলাম রবি ঠাকুরগাঁও-২ আসনে সহ
‎মোট ২০টি আসনে প্রার্থী ঘোষণা করা হয়।

‎ ‎সভায় আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে সেনাবাহিনী মোতায়েনের জোর দাবি জানানো হয়।